



সচিবালয়

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

ফোন :
অফিস : ৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১২২/১

তারিখঃ ০১-০৬-২০২০ খ্রিঃ

“দণ্ডরাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-৪ শাখার স্মারক নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.১৩৮ তারিখঃ ২৮/০৫/২০২০ ইং এর মাধ্যমে ৩০ মে, ২০২০ তারিখের পর শর্ত সাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা আরোপ এবং সীমিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত সিদ্ধান্ত মোতাবেক ৩১ মে, ২০২০ থেকে ১৫ জুন, ২০২০ পর্যন্ত এ নিষেধাজ্ঞা কার্যকর থাকবে। ৫, ৬, ১২ ও ১৩ জুন, ২০২০ সাপ্তাহিক ছুটি এ নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত থাকবে এবং সকল সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত এবং বেসরকারী অফিসসমূহ নিজ ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলা থাকবে। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মচারী এবং সন্তানসম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন।

বোর্ডের কাজের স্বার্থে উপরোল্লিখিত স্মারক মোতাবেক দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠু এবং সুচারুরূপে পরিচালনা/সচল রাখার স্বার্থে স্ব স্ব দপ্তর প্রধান তাঁর/তাদের দপ্তরে কর্মরত জনবল বিভাজন করে প্রতি সপ্তাহে পর্যায়ক্রমে সীমিত পরিসরে ২৫% (এক-চতুর্থাংশ) কর্মকর্তা-কর্মচারীর দাপ্তরিক উপস্থিতি নির্ধারণ করবেন। উল্লেখ্য যে, দপ্তর প্রধানগণ কোন কারণে কার্যালয়ে উপস্থিত হতে অপারগ হলে সে বিষয়ে মহাপরিচালক/সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের পূর্বানুমোদন প্রয়োজন হবে।

এ আদেশ ৩১ মে, ২০২০ তারিখ হতে কার্যকর হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

মোঃ মুজিবুর রহমান
সচিব

বাপাউবো, ঢাকা

মোবাইলঃ ০১৭১৪৪০০৫৩৭

বিতরণঃ (জ্ঞাতার্থে)

- ১-৯। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল/উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/ফরিদপুর/খুলনা/বরিশাল/রংপুর।
- ১০-১১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ঢাকাছ সকল দপ্তর), বাপাউবো, ঢাকা।
- ১২-১৪। প্রধান, মনিটরিং/পরিকল্পনা/পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
- ১৫। নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা।
- ১৬-১৮। প্রকল্প পরিচালক/পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)....., বাপাউবো,।
- ১৯। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ২০। নির্বাহী প্রকৌশলী (সকল)....., বাপাউবো,।
- ২১। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (অফিস আদেশটি বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ২২-২৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা)/সচিব, বাপাউবো, ঢাকা।
- ২৮-২৯। দপ্তর কপি/মাস্টার কপি।